

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২৩/২০১৬

তারিখঃ ২৪/০৪/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, উদ্ভিদ সংগনিরোধ উইং, খামারবাড়ি, ঢাকা এর পত্র, স্মারক নং-১২.১১.০০০০.০১২.১৬.০৮৩.১৬/৫১০৬(৭), তারিখঃ ১৮/০৪/১৬ খ্রিঃ সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংগনিরোধ উইং
খামারবাড়ি, ঢাকা।
www.dae.gov.bd

স্মারক নং-১২.১১.০০০০.০১২.১৬.০৮৩.১৬/৫১০৬(৭)

তারিখ : ১৮/০৪/১৬ খ্রিঃ

বরাবর,

সভাপতি/সাধারণ সম্পাদক
চট্টগ্রাম কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
সিএন্ডএফ টাওয়ার (১৩তম তলা)
১৭১২, শেখ মুজিব রোড
আখ্ৰাবাদ বা/এ, চট্টগ্রাম।

বিষয় : উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম কার্যালয় হতে এসআরও ইস্যু বহাল রাখা প্রসঙ্গে।

সূত্র : আপনার দপ্তরের স্মারক নং-৯(২০)/১৬/১৫৮৫-৮৭, তাং-১১-০৪-২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের ১৬/০৩/২০১৬ খ্রিঃ তারিখে ৪৫৬১(৪) নম্বর স্মারক পত্রের মাধ্যমে উপ-পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, আখ্ৰাবাদ, চট্টগ্রামকে নিম্নোক্ত দুটি বিষয়ে গুরুত্বারোপ করার জন্য অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়।

(১) Importing Country এর আমদানি অনুমতিপত্রে অতিরিক্ত শর্তাবলী (Additional condition) Exporting Country ইচ্ছাকৃত ভাবে Comply না করলে এ জন্য বিশেষ ছাড়পত্র প্রদানের জন্য আমদানিকারকের আবেদন গ্রহণযোগ্য নয়।

(২) একই আমদানিকারকের একই ভুলের পুনরাবৃত্তির ক্ষেত্রে একাধিকবার বিশেষ ছাড়পত্রের জন্য আবেদনপত্র বিবেচনা করার সুযোগ নেই।

এবং একই সাথে DIP Rules যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়। কিন্তু এর পরিপ্রেক্ষিতে উপ-পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম ০৬/০৪/২০১৬ খ্রিঃ তারিখে ৭৬৩ নম্বর স্মারক পত্রের মাধ্যমে তার দপ্তরে ০৭/০৪/২০১৬ ইং তারিখ হতে এসআরও সংক্রান্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না মর্মে যে অফিস আদেশ জারী করা হয়েছে তা সঠিক নয়। উক্ত অফিস আদেশে পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, খামারবাড়ি, ঢাকা কর্তৃক ইস্যুকৃত পত্রের বিষয়বস্তু সঠিকভাবে উপস্থাপন করা হয়নি। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, খামারবাড়ি, ঢাকা কর্তৃক ইস্যুকৃত পত্রের মূল বিষয়বস্তু হলো এসআরও সংক্রান্ত DIP Rules যথাযথ ভাবে অনুসরণ করা এবং আবেদনপত্রের সাথে সকল প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করা। প্রকৃতপক্ষে উপ-পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, চট্টগ্রাম কে SRO সংক্রান্ত আবেদনপত্র গ্রহণ না করার জন্য নিম্নস্বাক্ষরকারীর পক্ষ থেকে কোন পত্র প্রদান করা হয়নি।

এমতাবস্থায় এসআরও সংক্রান্ত সকল আবেদনপত্র পূর্বের ন্যায় উপ-পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, সমুদ্র বন্দর, আখ্ৰাবাদ, চট্টগ্রাম দপ্তরে জমা প্রদান করা যাবে।

স্বাক্ষরিত/-
(সৌমেন সাহা)
পরিচালক
ফোনঃ ৯১৩১২৯৬
dpqw@dae.gov.bd
তারিখঃ ১৮/০৪/১৬